

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৫.১৫-৯০০

তারিখ : ১৮ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০১৫ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট (বর্তমানে প্রেষণে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড) প্রাজ্ঞন অধ্যক্ষ, প্রকৌশলী মহেন্দ্র কুমার সিকদারকে অধ্যক্ষ হিসেবে কর্মরত থাকাকালীন সময়ে বিভিন্ন বেসরকারী তহবিল হতে বিধি বহির্ভূতভাবে ১৪,৪৩,৪২৩ (পনের লক্ষে তেতাল্লিশ হাজার চারশত তেইশ) টাকা খরচের অভিযোগ দায়েরের পরিপ্রেক্ষিতে সরকারী কর্মচারী শৃংখলা আপীল বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ (বি) ধারা মতে অসদাচরণ ও ৩ (ডি) ধারা মতে দুর্নীতি পরায়নতার দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়।

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন এবং ২৮/০৯/২০১৪ তারিখে অভিযুক্তের শুনানী গ্রহণ করা হয়। উভয় পক্ষের বক্তব্য ও নথি পর্যালোচনা করে পুনঃতদন্তের জন্য অতিরিক্ত সচিব (অডিট ও আইন) কে ০৭/০৬/২০১৫ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সেপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা ১৯/১১/২০১৫ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উভয় পক্ষের বক্তব্য শুনানী, নথি পর্যালোচনা ও দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, অভিযুক্ত প্রকৌশলী মহেন্দ্র কুমার সিকদার সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) ১৯৮৫ এর ৩(বি) ধারায় 'অসদাচরণ' ও ৩ (ডি) ধারায় 'দুর্নীতির' অভিযোগে অভিযুক্ত নয়। সেহেতু, সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) ১৯৮৫ এর ৩(বি) ধারায় 'অসদাচরণ' ও ৩ (ডি) ধারায় 'দুর্নীতির' অনুযায়ী প্রকৌশলী মহেন্দ্র কুমার সিকদার এর বিরুদ্ধে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

অতএব, প্রকৌশলী মহেন্দ্র কুমার সিকদার ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট (বর্তমানে প্রেষণে পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড) এর ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

উপ-নিয়ন্ত্রক,

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৫.১৫-৯০০

তারিখ : ১৮ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০১৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- (১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (প্রকৌশলী মহেন্দ্র কুমার সিকদার এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- (২) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- (৩) অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট।
- (৪) সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- (৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৬) প্রকৌশলী মহেন্দ্র কুমার সিকদার, অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট (বর্তমানে প্রেষণে পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা)।

(মোঃ হায়দার আলী মোস্তাফিজ)
সহকারী সচিব